124/09

207528

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL

390060

রাঃ

12-00
Q-16097

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল
থানা ও মৌজা - বারুইপুর
জমি - ১ কাঠা ১১ ছটাক ২২ বর্গফুট
বা কমবেশী ২.৮৪ শতক
মূল্য ২,২৪,৯২৪ টাকা

Brotima Roy

Certified that the document is admitted to registration. The signature sheet and the endorsement sheets attached with this document are the part of this document.

Addl. District Sub-Registrar
Baruipur. South 24 Parganas

2 DEC 2009

## কোবালা গ্রহীতা

**শ্রী সঞ্জীব সরকার** ( Sri Sanjib Sarkar )

পিতা - শ্রী মোহন সরকার , জাতি - হিন্দু , পেশা-ব্যবসায় ,
সাকিন ঃ সরকার ভিলা, বারুইপুর ঋষি বঙ্কিম নগর ,
ডাকঘর ও থানা - বারুইপুর , জেলা - দক্ষিণ ২৪ পরগনা ।

SANJIB REALTORS
Sanjib Sarkar
Proprietor

Pratima Ray

## কোবালা দাত্রী

**শ্রীমতী প্রতিমা রায়,** স্বামী - শ্রী অশোক কুমার রায়,
জাতি -হিন্দু , পেশা -গৃহস্থালী ,
সাবেক সাকিনঃ কে. সি. মিত্র রোড, ডাকঘর ও থানা -বারুইপুর,
জেলা - দক্ষিণ ২৪ পরগনা ।
হাল সাকিনঃ ঋষি অরবিন্দ নগর, ডাকঘর ও থানা -বারুইপুর,
জেলা - দক্ষিণ ২৪ পরগনা ।

কস্য শুভ নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্যঞ্চাগে ঃ
নিম্ন তফসিলে বিশেষ ভাবে বর্নিত ও পরিচয় বিশিষ্ট ও অত্র দলিল সম্বলিত একাংশীভুত নক্সায় প্রদর্শিত লাল রঙ রেখা দ্বারা পরিবেষ্ঠিত নিদিষ্ট চিহ্নিত ইংরাজী '16' মার্ক প্লটে ১ কাঠা ১১ ছটাক ২২ বর্গফুট বা কমবেশী ২.৮৪ শতক জমি ও জমাদি মায় দরবস্তু হকহকুক মায় নক্সা বিমজ্জিম কমন প্যাসেজ ও ড্রেনের ইজমেন্ট স্বত্ব ও অন্যান্য সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি অত্র কোবালা ভুক্ত বিক্রীত সম্পত্তি হইতেছে ।

উল্লিখিত নিম্ন তফসিলে বর্নিত জেলা দক্ষিন ২৪ পরগনা , থানা ও মৌজা - বারুইপুর জে.এল. নম্বর ৩১ , রিভিশন্যাল সেটেলমেন্টে ৩৪৪৫ নম্বর খতিয়ানে ২০১৬ নম্বর দাগের সম্পত্তি সহ আরো অন্যান্য দাগের সম্পত্তি যতীন্দ্রনাথ বন্দোপাধ্যায় মহাশয়ের নাম বরাবর শুদ্ধভাবে রেকর্ড হইয়া ফাইনালী পাবলিশড হয় ।

উক্ত যতীন্দ্রনাথ বন্দোপাধ্যায় মহাশয় পরলোকগমন করিলে পর তৎত্যক্ত সম্পত্তি তাহার লিগাল ওয়ারিশান ছয় পুত্র রতন চন্দ্র বন্দোপাধ্যায় , শচীন্দ্র নাথ বন্দোপাধ্যায়, বঙ্কিম চন্দ্র বন্দোপাধ্যায়, শৈলেন্দ্র কুমার বন্দোপাধ্যায়, রবীন্দ্রনাথ বন্দোপাধ্যায়, অসীম কুমার বন্দোপাধ্যায় ও তিন কণ্যা আভারানী চ্যাটার্জী, শোভারানী মুখার্জী, বিভারানী হালদার প্রাপ্ত হইয়া গত ইংরাজী ২৯.৫.১৯৮০ তারিখে বারুইপুর সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নম্বর বহির ১০১ নম্বর ভলুমে ১৯৩ নম্বর হইতে ১৯৯ নম্বর পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৮০ সালের ৩৪২৩ নম্বর বন্টন নামা দলিল মূলে বিভাগ করিয়া লয়েন ।

SANJIB REALTORS
Propriet

## Executant/ Presentant



| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

Name : Pratima Roy

SIGNATURE : Pratima Roy

## Claimant/ Executant



| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

Name : SANJIB SARKAR

SIGNATURE : [illegible]

## Claimant/ Executant

PHOTO

| | Thumb | Fore Finger | Middle Finger | Ring Finger | Little Finger |
|---|---|---|---|---|---|
| Left Hand | | | | | |
| Right Hand | | | | | |

Name :

SIGNATURE :

SANJIB REALTORS
Proprietor

Pratima Ray

অতঃপর উক্ত শচীন্দ্র নাথ বন্দোপাধ্যায় পরলোকগমন করিলে পর তৎত্যক্ত সমুদয় স্বত্ব্যাংশ তাহার লিগাল ওয়ারিশান দুই পুত্র গোবিন্দ বন্দোপাধ্যায়, সঞ্জয় বন্দোপাধ্যায়, কণ্যা কুমকুম ভট্টাচার্য্য ও স্ত্রী মিনতী বন্দোপাধ্যায় প্রাপ্ত হয়েন ।

অতঃপর উল্লিখিত সকল শরিকগন একত্রে গত ইংরাজী ২০.৬.১৯৯৫ তারিখে বারুইপুর এ্যাঃ ডিঃ সাব-রেজিষ্ট্রী অফিসে দাখিলীকৃত ও ১১.৯.১৯৯৬ তারিখে রেজিষ্ট্রীকৃত ১ নম্বর বহির ৫১ নম্বর ভলুমে ৩০৯ নম্বর হইতে ৩১৮ নম্বর পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৯৬ সালের ৪১৩২ নম্বর সাফ কোবালা দলিল মূলে দূর্গারানী ভট্টাচার্য্য মহাশয়ার নিকট নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি বিক্রয় করিয়া স্বত্ব দখল চ্যুত হয়েন ।

অতঃপর উক্ত দূর্গারানী ভট্টাচার্য্য মহাশয়া খরিদ ইস্তক নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তিতে স্বত্ববতী ও দখলকারিনী থাকাবস্থায় আমি অত্র দলিল দাতা গত ইংরাজী ১৭.৬.১৯৯৭ তারিখে বারুইপুর এ্যাঃ ডিঃ সাব-রেজিষ্ট্রী অফিসে দাখিলীকৃত ও রেজিষ্ট্রীকৃত ১ নম্বর বহির ৪৩ নম্বর ভলুমে ২৩১ নম্বর হইতে ২৩৬ নম্বর পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৯৭ সালের ৩৪৩৯ নম্বর সাফ কোবালা দলিল মূলে উক্ত দূর্গারানী ভট্টাচার্য্য মহাশয়ার নিকট হইতে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি খরিদ করিয়া যথাযোগ্যস্থলে যথানিয়মে খাজনা করাদি আদায় দিয়া অন্যের নিরাংশে ও বিনাসংশ্রবে বিনাপত্যে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববতী ও দখলকারিনী আছি । উক্ত সম্পত্তিতে আমার বিক্রয়যোগ্য উত্তম অখন্ডনীয় ও অপরাজেয় বৈধ স্বত্ব দখল বর্ত্তমান আছে ।

এক্ষনে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত সম্পত্তি বিক্রয়ের ঘোষনা করিলে আপনি জনশ্রুতিতে জানিতে পারিয়া খরিদের ইচ্ছা প্রকাশ করায় আমি তাহাতে পূর্ণ সম্মতি ও স্বীকৃতি প্রদান করিয়া উক্ত সম্পত্তির বর্ত্তমান সময়োচিত বাজার যাচাই ন্যায্য মূল্য ২,২৪,৯২৪ দুই লক্ষ চব্বিশ হাজার নয় শত চব্বিশ টাকা আমি আপনার নিকট হইতে বুঝিয়া লইয়া ও প্রাপ্তি স্বীকার করিয়া উল্লিখিত নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি এতদ্বারা আপনার অনুকূলে চিরতরে নিঃস্বত্ব সাফ বিক্রয় করিলাম এবং উহাতে আমার যাহা কিছু স্বত্ব-স্বামিত্ব, দাবি-দাওয়া, দখল-অধিকার, লাভ-লভ্য হকহকিয়ত ও ইজমেন্ট স্বত্বাদি ছিল ও আছে তৎসমূদয় এতদ্বারা আপনার অনুকূলে ছাড়িয়া দিলাম ও আমার হইতে লোপ পাইয়া আপনার অনুকূলে বর্ত্তাইল ।

SANJIB REALTORS
Proprietor

Pratima Ray

অদ্য হইতে আপনি উক্ত বিক্রীত ষোল আনা সম্পত্তিতে অত্র কোবালা বলে আমার যাবতীয় স্বত্বে কায়েম স্বত্ববান ও সকল প্রকার দখলে কায়েম দখলকার হইয়া যথাযোগ্যস্থলে নিজ নাম পত্তন করতঃ খাজনা করাদি আদায় দিয়া ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও যে কোন প্রকার রুপান্তর ও যদৃচ্ছামত ব্যবহারে ক্ষমতা সম্পন্ন হইয়া পরম সুখে ভোগ দখল করিতে থাকুন এবং নক্সা বিমজ্জিম কমন প্যাসেজে আপনি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে চলাচল করিবেন, যানবাহনাদি চালাইবেন , পোষ্ট বসাইয়া ওভারহেড আন্ডারগ্রাউন্ড লাইন লইয়া ইলেকট্রিক , টেলিফোন , গ্যাস ইত্যাদি ব্যবহার করিবেন , ড্রেনে জল নিকাশ দিবেন ও অন্যান্য সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি ভোগ করিবেন ; তাহাতে কস্মিনকালেও আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবি-দাওয়া করিব না, করিতে পারিব না বা পারিবে না ; যদি করি বা কেহ করে তাহা সর্ব্ব স্থানে সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর হইবে ।

প্রকাশ থাকে যে , উক্ত ষোল আনা সম্পত্তি বা উহার কোন অংশ ইতি পূর্ব্বে কোন রকম দায়াবদ্ধ, দান , বিক্রয়াদি কোন প্রকার হস্তান্তর করি নাই বা কাহারো নিকট বায়নাপত্র করি নাই বা উহা মামলা মোকদ্দমার বিষয়ভূক্ত সম্পত্তি নহে বা উহাতে অপর কোন শরিক বা স্বত্ববান ব্যক্তি নাই বা উহা ভেষ্টেড জমি নহে বা উহা সরকার কর্তৃক বা অন্য কোন সংস্থা কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই । উক্ত বিক্রীত ষোল আনা সম্পত্তিতে আমার উত্তম অখন্ডনীয় অপরাজেয় বৈধ স্বত্ব দখল থাকাবস্থায় সম্পূর্ণ নির্দ্দায় , নির্দ্দোষ সম্পত্তি আপনাকে বিক্রয় করিলাম ।

যদি ভবিষ্যতে কোন তঞ্চকতা বা মিথ্যা প্রকাশ পাইয়া বা অন্য কোন কারনে আপনার খরিদা দখল স্বত্বের কোন বিঘ্ন ঘটে বা বেদখল হয়েন তবে ঐ বিঘ্ন জনিত সমস্ত ক্ষতিপূরন করিতে ও দখল স্বত্ব বজায় করিয়া দিতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে বাধ্য থকিলাম ও থাকিবে ।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে বে-ওজরে আপনার খরচায় আবশ্যকীয় ভ্রম সংশোধনীয় সাপ্লিমেন্টারী দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবে , তবে তৎকালে কোন অর্থ ও

SANJIB REALTORS
Sanjib Das
Proprietor

Bratima Ray

স্বার্থের দাবি করিতে পারিব না ও পারিবে না , করিলে ও তাহা আইনতঃ অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে ।

এতদর্থে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে বাধ্য থাকিয়া পোণের সমুদয় টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া লইয়া ও প্রাপ্তি স্বীকার করিয়া সরল মনে সেচ্ছায় সরল অন্তঃকরনে সুস্থ শরীরে অন্যের বিনাঅনুরোধে ও বিনাপ্ররোচনায় সাক্ষীগনের সাক্ষাতে অত্র শুভ নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪১৬ সালের ১৬ ই অগ্রহায়ণ , ইংরাজী ২ রা ডিসেম্বর ২০০৯ সাল ।

## বিক্রীত সম্পত্তির তফসিল পরিচয়

জেলা দক্ষিন ২৪ পরগনা , থানা ও এ্যা . ডি. সাব-রেজিষ্ট্রী অফিস-বারুইপুর ,পরগনা - মেদনমল্ল, মৌজা- বারুইপুর রায়ত দখল স্বত্ব বিশিষ্ট স্বত্বের বর্ত্তমান মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনার কালেক্টর বাহাদুর অধীন একজমায় ১.২৭ একর জমির বার্ষিক খাজনা ৬ টাকা ৬ আনা ৫ পাই জমার মধ্যে ১ কাঠা ১১ ছটাক ২২ বর্গফুট বা কমবেশী ২.৮৪ শতক জমির হারহারি বার্ষিক খাজনা ২০ পয়সা জমা । মৌজা - বারুইপুর , জে. এল. নম্বর ৩১, রে. সা. নম্বর ৭১ , তৌজি নম্বর ২৫০ , আর. এস. খতিয়ান ৩৪৪৫ তিন হাজার চার শত পঁয়তাল্লিশ নম্বর ভুক্ত


২০১৬ দুই হাজার ষোল নম্বর দাগে বাস্তু ৪৩ শতক মধ্যে আমার যাহা খরিদা তাহা সম্পূর্ন অত্র দলিল সম্বলিত একাংশীভুত নক্সায় প্রদর্শিত লাল রঙ রেখা দ্বারা পরিবেষ্ঠিত নিদিষ্ট চিহ্নিত ইংরাজী '16' মার্ক প্লটে ১ এক কাঠা ১১ এগারো ছটাক ২২ বাইশ বর্গফুট বা কমবেশী ২.৮৪ শতক জমি মায় দরবস্তু হকহকুক মায় নক্সা বিমজ্জিম কমন প্যাসেজ ও ড্রেনের ইজমেন্ট স্বত্ব ও অন্যান্য সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি সম্পত্তি অত্র কোবালা দলিলে বিক্রয় করিলাম । মূল্য ২,২৪,৯২৪ টাকা । গৃহাদি নাই ।

SANJIB REALTORS
Sanjib Sa—
Proprietor

SITE PLAN OF LAND MARKED "16" BOUNDED BY RED LINE IN PART OF DAG NO- 2016 OF MOUZA- BARUIPUR, J. L. NO- 31, WARD NO- 05, UNDER BARUIPUR MUNICIPALITY, P. S.- BARUIPUR, DIST.- 24 PGS. (S).

AREA OF LAND- 01COTTA. 11CHA. 22SQFT.

AS PER PREVIOUS SITE PLAN SCALE- 1"= 33'0"




Protima Ray

DRAWN BY

01-12-09

24/6/15

SANJIB REALTORS

Proprietor

Bratima Roy

বিক্রীত সম্পত্তি বারুইপুর পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডে অবস্থিত ।

টাকার জায় ঃ

| | | | |
|---|---|---|---|
| ১) | ১০০০ টাকার নোট ২২৪ কেতায় | ........... | ২,২৪,০০০ টাকা । |
| ২) | ১০০ টাকার নোট ৯ কেতায় | ........... | ৯০০ টাকা । |
| ৩) | ১ টাকার নোট ২৪ কেতায় | ........... | ২৪ টাকা । |
| | | | মোট ২,২৪,৯২৪ টাকা । |

মঃ দুই লক্ষ চব্বিশ হাজার নয় শত চব্বিশ টাকা বুঝিয়া লইয়া প্রাপ্তি স্বীকার করিলাম ।

Bratima Roy

অত্র দলিল পাঠ করিয়া শুনাইলাম ।

Ashok kumar Roy

ইসাদি

১) Ashok kumar Roy
Rishi Arabinda nagar
P.S Baruipur
Kolkata - 144

২) Babul Roy
(ঋষি অরবিন্দ নগর)
Rishi Arabinda Nagar
P.S. Baruipur
Kolkata - 144

মুসাবিদাকারক ঃ

Bidhan Chandra Hajra
Advocate
Baruipur Civil Court
E. No. F459/313/97

টাইপকারক ঃ

Swarup Bairagi
বারুইপুর কোর্ট

SANJIB REALTORS
Proprietor

**Government of West Bengal**

**…partment of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue**

**Office of the A. D. S. R. BARUIPUR, District- South 24-Parganas**

**…ignature / LTI Sheet of Serial No. 07424 / 2009, Deed No. (Book - I , 07538/2009)**

…ure of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Protima Roy | Protima Roy 02-12-09 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Protima Roy<br>Address -Vill- Hrishi Arabinda Nagar South 24 Pgs. | Self | <br>02/12/2009 | <br>LTI<br>02/12/2009 | Protima Roy |

**Name of Identifier of above Person(s)**

Ashok Kr Roy

PS-Baruipur,Hrishi Arabindra Nagar South 24 Pgs

**Signature of Identifier with Date**

Ashok kumar Roy 02-12-09

SANJIB REALTORS

Proprietor

**(Asim Kumar Nandi)**

**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

**Office of the A. D. S. R. BARUIPUR**

सत्यमेव जयते

# Government Of West Bengal

Office Of the A. D. S. R. BARUIPUR
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 07538 of 2009
(Serial No. 07424 of 2009)

**On 02/12/2009**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 2464/- ,E = 7/- on 02/12/2009

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-224924/-

Certified that the required stamp duty of this document is Rs.- 13505 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 8510/- is paid, by the draft number 181779, Draft Date 02/12/2009, Bank Name STATE BANK OF INDIA, Khashmallik, received on 02/12/2009

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 12.00 hrs on :02/12/2009, at the Office of the A. D. S. R. BARUIPUR by Protima Roy,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 02/12/2009 by

1. Protima Roy, wife of Ashoke Kr Roy , Vill- Hrishi Arabinda Nagar South 24 Pgs. , Thana Baruipur, By Caste Hindu, By Profession : House wife

   Identified By Ashok Kr Roy, son of Lt Kanai Lal Roy, Hrishi Arabindra Nagar South 24 Pgs ,Thana: Baruipur, By Caste: Hindu, By Profession: Others.

( Asim Kumar Nandi )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**( Asim Kumar Nandi )**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**



SANJIB REALTORS
Proprietor

*icate of Registration under section 60 and Rule 69.*

egistered in Book - I
CD Volume number 24
Page from 1556 to 1567
being No 07538 for the year 2009.

(Asim Kumar Nandi) 02-December-2009
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BARUIPUR
West Bengal

SANJIB REALTORS

Proprietor